কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ২৫০৫
তারিখ 24 JUN 2026
যুগ্মসচিব (প্রশা: অধি:-১)
যুগ্মসচিব (প্রশা: অধি:-২)
যুগ্মসচিব (প্রশা: অধি:-৩)
স্বাক্ষর

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরী নং: ৩৫২৬ তারিখ: ২৩/৬/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**সকল মহানগরসহ দেশের গ্রামীণ জনপদে খেলার মাঠের সুব্যবস্থাকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ১৮.০৬.২০২৬ |
| সভার সময় | ১০.০০ টায় |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-"ক" |

নির্বাচনী ইশতেহারে ক্রীড়া উন্নয়নে প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল মহানগরসহ দেশের গ্রামীণ জনপদে খেলার মাঠের সুব্যবস্থাকরণের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ০৬.০৫.২০২৬ তারিখে সভা অনুষ্ঠিত হয়।

০২। সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সিনিয়র সচিব ও সচিব ও অন্যান্য সদস্যগণকে সভায় স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হয়। তিনি বলেন, প্রতিশ্রুতি বাস্তবায়নে বিদ্যমান অবস্থায় মহানগরসহ গ্রামীণ জনপদে খেলাধুলার উপযোগী পর্যাপ্ত মাঠ নেই। নতুন প্রজন্মকে মোবাইল ফোন, ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল এবং মাদক আসক্তি থেকে দূরে রেখে শারীরিক ও মানসিক বিকাশ নিশ্চিত করার জন্য পর্যাপ্ত ক্রীড়া অবকাঠামো গড়ে তোলা অত্যন্ত জরুরি। সে লক্ষ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের বিদ্যমান খেলার মাঠগুলো উন্নয়ন ও সংস্কারের মাধ্যমে মাঠগুলো খেলার উপযোগীকরণ, ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনে ২-৩টি ওয়ার্ড এলাকার সমন্বয়ে একটি করে খেলার মাঠ নির্মাণ, উপজেলা পর্যায়ে ১০ বিঘা (যে সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নেই) এবং ইউনিয়ন পর্যায়ে ০৮ বিঘা জমি নিয়ে খেলার মাঠ নির্মাণ, সকল সিটি কর্পোরেশন এলাকায় প্রতি ওয়ার্ডে একটি করে ফুটসাল মাঠ নির্মাণ করা প্রয়োজন।

০৩। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বলেন, সরকারের ১৮০ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে জুন, ২০২৬ মাসের মধ্যে সম্ভাব্য খেলার মাঠ চিহ্নিত করা প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উপস্থাপনার মাধ্যমে তুলে ধরা হয়।

০৪। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, সরকারের নিকট থেকে প্রত্যাশি সংস্থা যে উদ্দেশ্যে ভূমি অধিগ্রহণ করে, সে উদ্দেশ্যেই তা ব্যবহারের বিধান রয়েছে। অধিগ্রহণকৃত কোন ভূমি প্রত্যাশি সংস্থা/ভিন্ন কোন প্রতিষ্ঠান কর্তৃক অন্য উদ্দেশ্যে ব্যবহারের প্রয়োজন হলে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে তা প্রক্রিয়াকরণের সুযোগ রয়েছে।

০৫। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন, তাঁর মন্ত্রণালয়ের আওতাধীন সারাদেশে ৯টি ভিন্ন স্থানে প্রায় ৪০ একর ভূমি খেলার মাঠ হিসাবে ব্যবহারের জন্য একটি তালিকা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রদান করা হয়েছে। ভূমি মন্ত্রণালয় হতে উক্ত জমির বিষয়ে অনাপত্তি চাওয়া হলে পানি সম্পদ মন্ত্রণালয় অনাপত্তি পত্র প্রদান করা হবে মর্মে মতামত ব্যক্ত করেন।

০৬। সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন, রেলওয়ের অনেক জায়গা অব্যবহৃত বা লীজ দেয়া আছে, সেগুলো প্রয়োজনে খেলার মাঠের জন্য ব্যবহার করা যাবে। প্রয়োজনে MoU এর মাধ্যমে রেলওয়ের জায়গা ক্রীড়া অবকাঠামো হিসাবে উন্নয়ন করে সাধারণের জন্য ব্যবহার উপযোগী করা সম্ভব।

০৭। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় জানান, ঢাকা সিটি কর্পোরেশন, রাজউক-সহ অন্যান্য মন্ত্রণালয়/সংস্থার আওতায় ব্যবহৃত মাঠগুলো প্রয়োজনে MoU এর মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনী সংস্কার ও ব্যবহার করা যেতে পারে।

০৮। সভাপতি মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের খেলাধূলার প্রতি উদ্বুদ্ধ করার জন্য ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের পরামর্শ দেন। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ একমত পোষণ করে বলেন যে, এর ফলে মাদ্রাসা শিক্ষার্থীগণ অনুপ্রাণিত হবে।

০৯। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) বলেন, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তর/সংস্থার অধীন খেলার মাঠের জন্য NSC একটি স্ট্যান্ডার্ড ডিজাইন তৈরি করে দিতে পারে। স্ব-স্ব সংস্থা তাদের নিজস্ব মাঠে সেই ডিজাইন মোতাবেক খেলার মাঠ প্রস্তুত করার মাধ্যমে সাধারণের জন্য ব্যবহার উপযোগী করা যেতে পারে।

১০। বিস্তারিত আলোচনা অন্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ৭৭৩
তারিখ: ২৫/৬/২৫

আনিসুল ইসলাম (১৫০১৩)
যুগ্মসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্র নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | | |
| ১ | সিটি কর্পোরেশনের আওতাধীন খেলার মাঠের উন্নয়ন ও নতুন করে খেলার মাঠ তৈরী | ১. সকল সিটি কর্পোরেশনের আওতাধীন খেলার মাঠ তৈরির উপযোগী ভূমির তথ্য (অবস্থান, তফসিল, পরিমাণসহ অন্যান্য তথ্য) আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br><br>২. ঢাকা সিটি কর্পোরেশন ও রাজউকের আওতায় ব্যবহৃত মাঠগুলো প্রযোজ্য ক্ষেত্রে MoU এর মাধ্যমে প্রয়োজনী সংস্কার ও ক্রীড়ার জন্য ব্যবহার উপযোগী করা হবে। | ১. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়<br>২. প্রশাসক, সিটি কর্পোরেশন<br>৩.যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>৪. জাতীয় ক্রীড়া পরিষদ |
| ২ | বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগের অধীন খেলার মাঠ চিহ্নিতকরণ, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও উন্মুক্তকরণ | ১. বিভিন্ন মন্ত্রণালয়ের আওতাধীন বিশেষ করে রেলপথ মন্ত্রণালয়, সড়ক ও মহাসড়ক বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় তাদের অব্যবহৃত জমিকে খেলার মাঠে রূপান্তরের ব্যবস্থা গ্রহণ করবে। খেলার মাঠে প্রস্তুতিতে NSC এর স্ট্যান্ডার্ড ডিজাইন অনুসরণ করা হবে।<br><br>২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আওতাধীন খেলার মাঠ তৈরির উপযোগী ভূমির তথ্য (পরিমাণ, তফসিল এবং মৌজা ম্যাপে অবস্থান চিহ্নিত করে) আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br><br>৩. বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার অধীন ব্যবহৃত মাঠগুলো প্রযোজ্য ক্ষেত্রে MoU এর মাধ্যমে প্রয়োজনী সংস্কার ও ক্রীড়ার জন্য ব্যবহার উপযোগী করা হবে। | ১. সংশ্লিষ্ট মন্ত্রণালয়<br>২. জাতীয় ক্রীড়া পরিষদ |
| ৩ | সিটি কর্পোরেশন এলাকার প্রতি দুইটি ওয়ার্ডে একটি করে ফুটসাল মাঠ নির্মাণ। | নতুন প্রজন্মের মাঝে ফুটসালের জনপ্রিয়তা বৃদ্ধি পাওয়ায় সকল সিটি কর্পোরেশন প্রতি দুইটি ওয়ার্ডে ১টি করে ফুটসাল মাঠ নির্মাণের ব্যবস্থা করবে। | সিটি কর্পোরেশন (সকল)<br>ও<br>গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ৪ | জাতীয় পর্যায়ে মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | খেলায় উদ্বুদ্ধ করতে শুধুমাত্র মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কারিগরি ও মাদ্রাসা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | রাজউক কর্তৃক অনুমোদিত আবাসন প্রকল্পের মাঠ উদ্ধার ও সংরক্ষণ | অনুমোদিত আবাসন প্রকল্পের মাঠ উদ্ধার ও সংরক্ষণে রাজউক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | রাজউক |
| ৬ | সকল ইউনিয়ন পর্যায়ে ০৮ বিঘা জমি বরাদ্দ করা | সারা দেশের সকল ইউনিয়নে খেলার মাঠ তৈরির জন্য ০৮ বিঘা জমি বরাদ্দে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আধা-সরকারি পত্র প্রদান করবেন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ৭ | প্রাথমিক বিদ্যালয়ে খেলার মাঠের ব্যবস্থা | ১. প্রতিদিন শিক্ষা কার্যক্রম শেষে এবং সাপ্তাহিক বন্ধের দিনগুলোতে শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ খেলার জন্য উন্মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>২. খেলার উপযোগী মাঠ তৈরির জন্য ১০,০০১টি প্রাথমিক বিদ্যালয়ের জন্য বাস্তবায়নাধীন প্রকল্পের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অবহিত করা হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |

১১। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি দেশের প্রতিটি মহানগর, উপজেলা, ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ক্রীড়া অবকাঠামো নিশ্চিত করার মাধ্যমে একটি ক্রীড়াবান্ধব ও সুস্থ জাতি গঠনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১-০৬-২০২৬
মোঃ আমিনুল হক
প্রতিমন্ত্রী

তারিখ: ৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.৯৯.০০০১.২১.৫৭৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৫। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৭। সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১০। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
১২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
১৬। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
১৭। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
১৮। পরিচালক, পরিচালকের দপ্তর, ক্রীড়া পরিদপ্তর।
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

২২। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২২-০৬-২০২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব